

এক্সিডেন্ট এন্ড এমার্জেন্সী ডিপার্টমেন্ট (এএন্ডই)

সরাসরি লাইন 020 7830 2110

এই ডিপার্টমেন্ট কিভাবে পরিচালনা করা হয় এবং কিভাবে পেশেন্টদের (রোগী) অগ্রাধিকার দেওয়া হয় এই প্রচারপত্র সে সম্পর্কে ব্যাখ্যা করবে।

নাম:

আপনার অগ্রাধিকার বা প্রাইওরিটি হলো:

আনুমানিক অপেক্ষার সময়:

আপনি আপনার অবস্থার ব্যাপারে অথবা আপনি যে ব্যক্তির সঙ্গে আসছেন সে ব্যক্তির অবস্থার ব্যাপারে আপনি যে উদ্বেগ হবেন সেটা আমরা বুঝতে পারি। আনুমানিক অপেক্ষার সময়ের চাইতে আমরা বেশী সময় নিতে চাই না তবে ব্যস্ত সময় অথবা নতুন এমার্জেন্সী (অতি জরুরী অবস্থা) আসার ক্ষেত্রে সেটা এড়ানো যায় না।

প্রতিদিন এই ডিপার্টমেন্ট প্রায় 200-এর মতো পেশেন্টকে (রোগী) দেখে থাকে এবং প্রতিদিন 24 ঘন্টা এবং বৎসরের 365 দিনই খোলা থাকে। জীবন বাঁচানোর চিকিৎসা এই ডিপার্টমেন্ট দিয়ে থাকে এবং যাঁরা মারাত্মক অসুস্থতা অথবা জখমে আক্রান্ত হন তাঁরা জরুরী চিকিৎসাগত মনোযোগ আকর্ষণ করে থাকেন।

বাচ্চারা (চিলড্রেন)

- বাচ্চাদের জন্যে আলাদা অপেক্ষারত এলাকা রয়েছে সেখানে সকাল 10:00টা থেকে রাত -10:00টা পর্যন্ত, সপ্তাহের 7 দিনই খোলা থাকে। পেরেন্টস/কেয়ারার্স (পিতামাতা/সেবায়ত্নকারী) অবশ্যই সদা-সর্বদা তাঁদের বাচ্চাদেরকে তত্ত্বাবধান করতে হবে। অসুস্থ বয়স:প্রাপ্তদের বাচ্চাকে আমরা দেখা-শোনা করতে পারবো না। অনুগ্রহ করে যতদূর সম্ভব শিশু তাদেরকে ঘরে নেওয়ার ব্যবস্থা করুন।

বুকের দুধখাওয়ানোর সুবিধা

- বুকের দুধখাওয়ানোর সুবিধা (ব্রেস্টফিডিং ফ্যাসিলিটিজ) সম্পর্কে ট্রাইয়োগ নার্স আপনাকে বলতে পারবেন।

আপনার স্থানীয় হাসপাতাল কি এটা?

- যদি এটা আপনার স্থানীয় হাসপাতাল না হয় তাহলে আমাদের সরবরাহকৃত অনুসরণমূলক (ফলো-আপ) সেবায়ত্ন সীমাবদ্ধ হতে পারে।

বন্ধু-বান্ধব ও সেবায়ত্নকারী (কেয়ারার্স)

- বন্ধু-বান্ধব অথবা সেবায়ত্নকারীরা (কেয়ারার্স) পেশেন্ট-দের সঙ্গে থাকার জন্যে আমরা খুশী, তবে মাঝে-মাঝে রুম ছেড়ে যাওয়ার জন্যে আমরা তাঁদেরকে হয়তো বলতে পারি।

হালকা পানীয়

- অপেক্ষারত এলাকায় (ওয়েটিং এরিয়া) ড্রিন্ক মেশিন রয়েছে, আপনি যদি ক্ষুধার্ত থাকেন তাহলে হাসপাতালের রেস্টুরেন্টে যাওয়ার জন্যে কর্মচারীরা আপনাকে দিকনির্দেশনা দিতে পারে। কোন কিছু খাওয়া ও পানের আগে ট্রাইয়োগ নার্সকে জিজ্ঞাসা করুন, এবং কোন অ্যালকোহল বা মদ্য পান করবেন না। হাসপাতালের কোন অংশেই ধূমপান করার অনুমতি নেই।

টয়লেট (পায়খানা)

- যদি টয়লেটের (পায়খানা) দিকনির্দেশনার প্রয়োজন হয় তাহলে ট্রাইয়োগ নার্সকে জিজ্ঞাসা করুন।

আমাদের বিশেষ সার্ভিস-সমূহ

- এমার্জেন্সী নার্স প্র্যাকটিশনারের সঙ্গে কোন কোন পেশেন্টের দেখা হবে। ছোট-খাটো অসুস্থতা/জখমের ব্যাপারে চিকিৎসা করার জন্যে বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত এই সকল নার্সদের যোগ্যতা রয়েছে। সুতরাং আপনার হয়তো কোন ডাক্তারের সঙ্গে দেখা হবে না এবং তাড়াতাড়ি আপনি ঘরে চলে যাবেন।
- বিশেষজ্ঞ ডাক্তারদের দ্বারা পর্যালোচনার (রিভিউ) জন্যে আমরা জিপি-দের নিকট থেকে রেফার্যাল বা সুপারিশের চিঠি পেয়ে থাকি এবং এএন্ডই পেশেন্টের জন্যে ক্লিনিক ও ড্রেসিং ক্লিনিক অনুসরণমূলক (ফলো-আপ) ক্লিনিক হিসেবে আমরা পরিচালনা করি। যখন কোন বিশেষজ্ঞ ডাক্তার খালি হবেন তখনই জিপির দ্বারা পাঠানো পেশেন্টকে সেই বিশেষজ্ঞ ডাক্তার দেখবেন।

আপনার যদি কোন প্রশ্ন থাকে তাহলে

অনুগ্রহ করে ট্রাইয়োগ নার্সের সঙ্গে কথা বলুন, তিনি আপনাকে নাস-ইন-চার্জের নিকট হয়তো পাঠাতে পারেন।

আপনি পৌঁছার পর আপনার বিস্তারিত বিবরণ রিসিপশনের কর্মচারীকে দিবেন। একজন বিশেষজ্ঞ (ট্রাইয়োগ নার্স) তখন পেশেন্ট হিসেবে অগ্রাধিকার প্রদানের জন্যে নির্ধারিত এনএইচএস পদ্ধতি ব্যবহার করে আপনাকে মূল্যায়ন (অ্যাসেস) করবেন। ট্রাইয়োগ নার্স আপনার এক্স-রে নেওয়ার জন্যে অনুরোধ পেশ করতে পারেন অথবা বেদনার উপশম (পেইন রিলিফ) দিতে পারেন। তখন তাঁদের পৌঁছার সময় **বিবেচনা না করে** পেশেন্টদের প্রয়োজনীয়তা অনুসারে দেখা হবে।

আপনি যদি মনে করেন যে আপনার অবস্থা (কন্ডিশন) অধিকতর খারাপ হয়েছে তাহলে ট্রাইয়োগ নার্সের সঙ্গে কথা বলুন

অগ্রাধিকার বা প্রাইওরিটি 1 (লাল)

জীবন-আশঙ্কাজনক অবস্থায় যে সব পেশেন্ট (রোগী) রয়েছে তাঁদেরকে অবশ্যই দেখতে হবে নতুবা তাঁরা মারা যেতে পারে। আমরা এসব পেশেন্টকে তৎক্ষণাত্ দেখার লক্ষ্য রাখি।

অগ্রাধিকার বা প্রাইওরিটি 2 (কমলা)

যেসব পেশেন্ট অত্যন্ত অসুস্থ তবে তাঁদের জীবন তৎক্ষণাত্ ঝুঁকিতে নাই (যেমন, যাঁদের রয়েছে মারাত্মক অগ্নিক্রম, বুকের বেদনা অথবা মারাত্মক শ্বাস-প্রশ্বাসহীনতা) সেসব পেশেন্টের জন্যে।

অগ্রাধিকার বা প্রাইওরিটি 3 (হলুদ)

মারাত্মক সমস্যাগ্রস্ত পেশেন্ট তবে যাঁরা দৃঢ় অবস্থায় রয়েছেন এবং নিরাপদভাবে অপেক্ষা করতে পারবেন (যেমন, যাঁদের কুম্বিসংক্রান্ত বেদনা, অঙ্গ-প্রত্যঙ্গ ভাঙ্গা অথবা হইজী এজমা) সেসব পেশেন্টের জন্যে।

অগ্রাধিকার বা প্রাইওরিটি 4 (সবুজ)

পেশেন্ট যাঁরা অসুস্থতা অথবা জখমের কারণে তৎক্ষণাত্ কোন ঝুঁকিতে নেই (যেমন, যাঁদের ছোট-খাটো অস্ত্রভঙ্গ, কঠন অথবা স্বেপ্ইন্স (মচকানি), মাংসপেশীর বেদনা) সেসব পেশেন্টের জন্যে।

অগ্রাধিকার বা প্রাইওরিটি 5 (নীল)

দীর্ঘ মেয়াদী অসুস্থতা অথবা জখমগ্রস্ত পেশেন্টের জন্যে।

সকল ক্যাটাগরী বা শ্রেণীর মধ্যে প্রথম দেখা হবে সবচেয়ে মারাত্মক পেশেন্ট-গুলো। পরীক্ষার বা টেস্ট-এর ফলাফল না পাওয়া পর্যন্ত কি ধরনের চিকিৎসা প্রদান করতে হবে সে ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার আগে হয়তো অপেক্ষা করার সম্ভাবনা থাকতে পারে।

এএন্ডই-তে আমরা কয়েকটি ক্লিনিক পরিচালনা করি

এসব ক্লিনিকে পেশেন্ট-দেরকে দেখার কারণে অন্যান্য অগ্রাধিকার (প্রাইওরিটি) অথবা অপেক্ষা করার সময়ের উপর প্রভাব পড়বে না। অন্যান্য উপায়ে ডিপার্টমেন্টে যেসব পেশেন্ট আসবেন তাঁদের মতোই একই উপায়ে অগ্রাধিকার প্রদান করা হবে যেসব পেশেন্ট অ্যাম্বুলেন্স দ্বারা আসবেন।

অন্যান্য পেশেন্টকে পেশাজীবী সার্ভিস যখন আমরা প্রদান করবো তখন একই সময় যতো দূর সম্ভব শীঘ্র আপনাকে দেখার, আপনাকে চিকিৎসা করার, এবং হাসপাতালে ভর্তি করার অথবা হাসপাতাল থেকে ছাড়ার অথবা আপনাকে রেফার বা সুপারিশ করার উদ্দেশ্যে আমাদের থাকবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে:

- আমরা মৌখিক এবং শারীরিক অপব্যবহার এবং কর্মচারীদের বিরুদ্ধে সহিংসতা সহ্য করবো না।
- নন-আর্জেন্ট কন্ডিশন বা অ-জরুরী অবস্থার আউট-পেশেন্টদের জন্যে আমরা এপয়েন্টমেন্টের ব্যবস্থা করতে পারি না।
- আপনার জিপির মাধ্যমে আপনি সেটা করতে হবে।
- কোন প্রপার্টি (সম্পদ) অথবা মূল্যবান সামগ্রীর দায়-দায়িত্ব ট্রাস্ট গ্রহণ করে না।

আপনার সহযোগিতার জন্যে আপনাকে ধন্যবাদ।

© এএন্ডই (A&E) ডিপার্টমেন্ট/
পেশেন্ট ইনফরমেশন প্রোগ্রাম 2003

ওয়েবসাইট: www.royalfree.nhs.uk